# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে সালাতের সময় শেষ হওয়া পর্যন্ত সালাত আদায় না করলে, এর মাধ্যমে সেই ব্যক্তি ইসলাম থেকে বের হয়ে কাফির হয়ে যাবে না

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تَارِكَ الصَّلَاةِ حَتَّى خَرَجَ وَقْتُهَا مُتَعَمِّدًا لَا يَكْفُرُ بِهِ كُفْرًا يُخْرِجُهُ عَنَ الْمِلَّةِ

---

আরবী

1453 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ أَيُّوبَ وَمُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعٍ قَالَ: أُخْبِرَ ابْنُ عُمَرَ بِوَجَعِ امْرَأَتِهِ فِي السَّفَرِ فأَخَّرَ الْمَغْرِبَ فَقِيلَ: الصَّلَاةَ فَسَكَتَ وأَخَّرها بَعْدَ ذَهَابِ الشَّفَقِ حَتَّى ذَهَبَ هَوِيٌّ مِنَ اللَّيْلِ ثُمَّ نَزَلَ فَصَلَّى الْمَغْرِبَ وَالْعِشَاءَ ثُمَّ قَالَ: هَكَذَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ إِذَا جَدَّ بِهِ السير أَو حَزَبَهُ أمر.

الراوي : ابْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1453 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৫৩. নাফি‘ রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে তাঁর স্ত্রীর অসুস্থতার কথা জানানো হয়, অতঃপর তিনি মাগরিবের সালাত বিলম্ব করেন। তখন তাকে বলা হলো, “সালাত আদায় করুন।” কিন্তু তিনি চুপ থাকলেন এবং সেটাকে পশ্চিমাকাশের লাল আভা বিদূরিত হওয়া পর্যন্ত বিলম্ব করলেন, এভাবে রাতের এক অংশ চলে যায়। তারপর তিনি যাত্রা বিরতি দেন এবং মাগরিব ও ইশার সালাত আদায় করেন। তারপর বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমনটিই করতেন, যখন তিনি সফরে তাড়াহুড়া করতেন অথবা ব্যস্ততায় পড়তেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৪০২; মুসনাদ আহমাদ: ২/৮০; নাসাঈ: ১/২৮৯; আবূ দাঊদ: ১২০৭; আবূ আওয়ানা: ২/৩৪৯; সুনান বাইহাকী: ৩/১৫৯; দারাকুতনী: ১/৩৯১; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৪৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৬১; বাগাবী: ১০৩৯; তিরমিযী: ৫৫৫; সহীহ আল বুখারী: ১৬৬৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৭০; মুসনাদুশ শাফি‘ঈ: ১/১১৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৩৭, ১০৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90768

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন